দৈনিক
ইত্তেফাক

তারিখ : 14 FEB 2016
পৃষ্ঠা : ৩ কলাম : ৪

# ত্রিশালে অবসর ভাতার টাকা না পেয়ে মানবেতর জীবনযাপন

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ত্রিশাল উপজেলার আমিরাবাড়ী গ্রামের বাসিন্দা ও গফরগাঁও ফজলুর রহমান উচ্চ বালিকা বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান অফিস সহকারী মো. আ: মোনায়েম খান অবসর ভাতার পুরো টাকা না পেয়ে অসুস্থ অবস্থায় নিজ বাড়িতে মানবেতর জীবনযাপন করছেন। মোনায়েম জানান, ১৯৯০ সালে তার টাইম স্কেল কার্যকরী হওয়ার পর সর্বশেষ তিনি ৭,৮১৫ টাকা বেতন স্কেল উত্তোলন করেন। তার অবসর ভাতার মোট দাবি ৫ লাখ ১০ হাজার টাকা হলেও উত্তোলন করেছেন ২ লাখ ১২ হাজার ৯৪ টাকা। কিন্তু দিনের পর দিন ঘুরাঘুরি করেও তিনি বাকি টাকা তুলতে পারছেন না। এ ব্যাপারে অফিস সহকারী মো. আ: মোনায়েম খান জানান, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক, ঢাকার কর্মচারী অবসর সুবিধা বোর্ড ব্যানবেইস কার্যালয়ে যোগাযোগ করা হলে নানা অজুহাতে এ টাকা আটকিয়ে রাখা হয়েছে। অফিস সহকারী যথাযথ হিসাব নিকাশের মাধ্যমে তার অবসর ভাতার দাবি জানিয়ে আসলেও কোনোমতেই টাকা পাচ্ছেন না। বর্তমানে এ বৃদ্ধ অফিস সহকারী জটিল রোগে আক্রান্ত। তার সুস্থ হতে অনেক টাকার প্রয়োজন, মানবিক দিক বিবেচনা করে স্বল্প সময়ের মধ্যে টাকা পাওয়ার জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।